নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১৩.২০-৫৭৯

তারিখঃ ০৫ পৌষ ১৪২৭ / ২০ ডিসেম্বর ২০২০

## পরিপত্র-৭

**বিষয়ঃ পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ এবং নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্ট নিয়োগ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে সারা দেশে ৩২৯টি পৌরসভার মধ্যে মাননীয় নির্বাচন কমিশন প্রথম ধাপে ২৫টি পৌরসভায় ২৮ডিসেম্বর ২০২০ তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য ২২ নভেম্বর ২০২০ তারিখে ও দ্বিতীয় ধাপে ৬১টি পৌরসভায় ১৬ জানুয়ারি ২০২১ তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য ০২ ডিসেম্বর ২০২০ তারিখে এবং তৃতীয় ধাপে ৬৪ টি পৌরসভায় ৩০ জানুয়ারী ২০২১ তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য ১৪ই ডিসেম্বর ২০২০ তারিখে তফসিল ঘোষণা করা হয়। অবশিষ্ট পৌরসভা নির্বাচনের সময়সূচি পর্যায়ক্রমে একাধিক ধাপে ঘোষণা করা হবে। পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ এবং নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্ট নিয়োগের ক্ষেত্রে নিম্নেবর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

০২। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগঃ** আপনি রিটার্নিং অফিসার হিসেবে স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৮ বিধি অনুসারে প্রয়োজনীয় ভোটগ্রহণ কর্মকর্তা (প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার) নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুত ও নিয়োগের বিষয়ে ভোটগ্রহণ কর্মকর্তা নীতিমালা প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-ক)। বিধি অনুসারে প্রতিটি ভোটকেন্দ্রের জন্য একজন প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে সহায়তা দানের জন্য ভোটকেন্দ্রের প্রতিটি ভোটকক্ষে একজন সহকারী প্রিজাইডিং অফিসার এবং দুই জন করে পোলিং অফিসার নিয়োগ করবেন। তাছাড়া ভোটকেন্দ্র ও ভোটকক্ষে অসুস্থতাজনিত বা অনুপস্থিতির ঘাটতি মিটানোর জন্য অতিরিক্ত প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারদের একটি পৃথক তালিকা প্রস্তুত করবেন।

০৩। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের নীতিমালাঃ** নির্বাচন কমিশন কর্তৃক প্রেরিত নীতিমালা অনুযায়ী ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের প্যানেল প্রস্ততের কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে। প্রস্তুতকৃত প্যানেলের কপি নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে। উক্ত প্যানেলের মধ্য হতে আপনি সত্বর ভোটগ্রহণ কর্মকর্তাদের চূড়ান্ত তালিকা প্রস্ততত করবেন এবং প্রতিটি ভোটকেন্দ্র ও ভোটকক্ষের জন্য ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ করবেন। এখানে অবশ্যই খেয়াল রাখতে হবে যেন প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ হয়।

০৪। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগে বিশেষ সতর্কতাঃ** ভোটগ্রহণের জন্য কর্মকর্তা নিয়োগের সময় স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৮ বিধির (৩) উপ-বিধির প্রতি আপনাকে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে। উক্ত বিধান অনুযায়ী এমন কোন ব্যক্তিকে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার বা পোলিং অফিসার নিয়োগ করা যাবে না, যিনি কোন প্রার্থীর অধীন বা পক্ষে কর্মরত আছেন বা ছিলেন।

০৫। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের কাজ চূড়ান্তকরণঃ** ভোটকেন্দ্রের তালিকা সরকারি গেজেটে প্রকাশ করে আপনার নিকট প্রেরণ করা হবে। আপনাকে প্রত্যেক ভোটকেন্দ্রের জন্য একজন প্রিজাইডিং অফিসার এবং প্রতি ভোটকক্ষের জন্য একজন সহকারী প্রিজাইডিং অফিসার ও দুই জন পোলিং অফিসার নিয়োগের কাজ সম্পন্ন করতে হবে। উক্ত নিয়োগের কাজ পরিশিষ্ট-'খ' এ উল্লিখিত নমুনা অনুযায়ী সম্পন্ন করে নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করতে হবে।

০৬। **সৎ, দক্ষ, অভিজ্ঞ ও নিরপেক্ষ ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগঃ** আপনি পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে আইসিটি জ্ঞান সম্পন্ন কর্মকর্তাদের অগ্রাধিকার প্রদান পূর্বক সৎ, দক্ষ, অভিজ্ঞ ও নিরপেক্ষ কর্মকর্তা/কর্মচারীগণকে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ করবেন ।

০৭। **মহিলা ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগঃ** মহিলা ভোটারদের জন্য নির্ধারিত ভোটকক্ষে যতদূর সম্ভব মহিলা ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ করতে হবে।


C:\Users\User\Desktop\2020\Paurashava Election 1st Step\ALL Paripatro 1-15\PAURA_PORIPATRA-8.doc
অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

০৮। **ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণঃ** প্রিজাইডিং অফিসার, সহকারি প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের দক্ষতার উপর সুষ্ঠু নির্বাচন বিশেষভাবে নির্ভরশীল বিধায় উক্ত কর্মকর্তাগণকে ভোটগ্রহণ অনুষ্ঠানের নিয়মাবলি যথা-অমোচনীয় কালির কলমের ব্যবহার, ভোটদানের উদ্দেশ্যে ব্যালট পেপার প্রদানের পূর্বে করণীয় দায়িত্বাবলী, স্বচ্ছ ব্যালট বাক্সের ব্যবহার, ব্যালট পেপার সরবরাহ, ভোটগ্রহণ পরিচালনা, ভোটগণনা, ফলাফল ঘোষণা, নির্বাচন পর্যবেক্ষক ব্যবস্থাপনা, নির্বাচনি কাগজপত্রাদি ব্যবস্থাপনা, নির্বাচন বিধিমালা ও ভোটকেন্দ্র ব্যবস্থাপনা ইত্যাদি সম্পর্কিত বিষয়ে স্বল্প মেয়াদী প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ব্যাপারে সহকারি রিটার্নিং অফিসারগণ এবং রিটার্নিং অফিসারগণ সক্রিয়ভাবে সহায়তা করবেন।

০৯। **ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ নির্দেশিকাঃ** ভোটগ্রহণ অনুষ্ঠান পরিচালনার উদ্দেশ্যে ''প্রিজাইডিং অফিসার এবং সহকারি প্রিজাইডিং অফিসারদের জন্য নির্দেশিকা'' সম্বলিত একটি পুস্তিকা প্রস্তুত করা হয়েছে। তাছাড়া ''ভোটগ্রহণ কর্মকর্তাদের জন্য বিশেষ নির্দেশাবলি'' শীর্ষক একটি লিফলেট নির্বাচন কমিশন হতে প্রস্তুত করা হয়েছে। রিটার্নিং অফিসারগণ উক্ত নির্দেশাবলি সম্বলিত পুস্তিকা এবং লিফলেট সংশ্লিষ্ট ভোটগ্রহণ কর্মকর্তাগণকে সরবরাহ করবেন। উক্ত নির্দেশাবলিসমূহ যথাসময়ে সরবরাহের পর পরই প্রিজাইডিং অফিসার, সহকারি প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের একটি প্রশিক্ষণ কোর্সে যোগদানের জন্য আহবান করা হবে। প্রশিক্ষণ চলাকালীন সময়ে তারা নির্দেশাবলি সঠিকভাবে অনুধাবন করতে পারছেন কিনা তা নানাবিধ প্রশ্নের মাধ্যমে যাচাই করে নিতে হবে। এ প্রশিক্ষণের কাজ ভোটগ্রহণের ৪/৫ দিন পূর্বে অবশ্যই শেষ করতে হবে। নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট এ প্রশিক্ষণের কার্যক্রম পরিচালনা করবেন।

১০। **<u>EMS সফটওয়্যারে প্যানেলভুক্ত ভোটগ্রহণ কর্মকর্তাদের তালিকা এন্ট্রিঃ</u>** প্যানেলভুক্ত ভোটগ্রহণ কর্মকর্তাদের তালিকা ইন্ট্রানাল সাইটে EMS সফটওয়্যারেও এন্ট্রি করতে হবে।

১১। **<u>নির্বাচনি এজেন্টদের যোগ্যতা ও নিয়োগঃ</u>** স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ২৪ বিধি অনুসারে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে একজন প্রতিদ্বন্দ্বী প্রার্থী হিসেবে নির্বাচনের জন্য যোগ্য কোন ব্যক্তিকে তার নির্বাচনি এজেন্ট হিসেবে নিয়োগ করতে পারবেন। এই বিধির অধীনে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্বাচনি এজেন্ট নিয়োগ না করলে তিনি নিজেই তাঁর নির্বাচনি এজেন্ট হিসেবে গণ্য হবেন ।

১২। **<u>নির্বাচনি এজেন্ট নিয়োগ বাতিলঃ</u>** একজন প্রতিদ্বন্দ্বী প্রার্থী লিখিতভাবে যে কোন সময় নির্বাচনি এজেন্ট নিয়োগ বাতিল করতে পারবেন। নির্বাচনি এজেন্ট বাতিল হলে অথবা নির্বাচনি এজেন্ট মৃত্যুবরণ করলে উক্ত প্রার্থী তার নির্বাচনি এজেন্ট হিসেবে অন্য কোন ব্যক্তিকে নিয়োগদান করতে পারবেন। নির্বাচনি এজেন্ট নিয়োগ ফরম-'জ' অনুসারে রিটার্নিং অফিসারকে লিখিতভাবে অবহিত করতে হবে।

১৩। **<u>পোলিং এজেন্টদের নিয়োগ ও কর্তব্যঃ</u>** স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ২৫(১) বিধি অনুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তাঁর নির্বাচনি এজেন্ট ভোটগ্রহণ আরম্ভ হবার পূর্বে প্রত্যেক ভোটকেন্দ্রের প্রতিটি ভোটকক্ষের জন্য সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার তালিকাভুক্ত ভোটারদের মধ্য হতে একজন করে পোলিং এজেন্ট নিয়োগ করতে পারবেন। উপ-বিধি (৩) অনুসারে প্রিজাইডিং অফিসারের নিকট ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট উক্ত ভোটকেন্দ্রের জন্য নিয়োগকৃত পোলিং এজেন্টের ১ (এক) কপি ছবিসহ নিয়োগপত্র তফসিল-১ এর ফরম 'জ-১' এ দাখিল করবেন। পোলিং এজেন্ট নিয়োগ যদি বাতিল হয় কিংবা পোলিং এজেন্ট মৃত্যুবরণ করেন তবে উক্ত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাঁর নির্বাচনি এজেন্ট অন্য কোন ব্যক্তিকে পোলিং এজেন্ট নিয়োগ করে অনুরুপ নিয়োগদান সম্পর্কে প্রিজাইডিং অফিসারকে লিখিতভাবে অবহিত করবেন। পোলিং এজেন্টগণ ভোটকেন্দ্রে ভোটগ্রহণ কার্যাদি অবলোকন করতে পারবেন এবং ভোটারকে সঠিকভাবে সনাক্ত করতে ভোটগ্রহণ কর্মকর্তাদের সহায়তা করবেন। তবে যদি কোন পোলিং এজেন্ট অনুপস্থিত থাকেন বা কোন সময় ভোটকেন্দ্র হতে চলে যান তা হলে ভোটগ্রহণ কার্যক্রম কোন ক্রমেই বন্ধ থাকবে না। পোলিং এজেন্টগণ নির্ধারিত স্থানে বসে ভোটগ্রহণ কার্যাদি অবলোকন করবেন। তারা অহেতুক ভোটকক্ষে অথবা ভোটকেন্দ্রে ঘুরাফিরা করবেন না। সহকারী প্রিজাইডিং অফিসার ফরম 'জ-২' অনুসারে পোলিং এজেন্টের উপস্থিতির রেকর্ড রাখবেন। কোন পোলিং এজেন্ট বিশেষ প্রয়োজনে ভোটকক্ষের বাইরে গেলে এবং আবার প্রবেশ করলে তাও ফরম-জ-২ এ রেকর্ড করবেন।

১৪। **পোলিং এজেন্ট ভোটকেন্দ্র/ভোটকক্ষে ঘুরাফিরা না করা বা বাইরে না যাওয়াঃ** পোলিং এজেন্টগণ তাঁদের জন্য নির্ধারিত স্থানে উপবিষ্ট থেকে ভোটগ্রহণ কার্যক্রম পর্যবেক্ষণ করবেন। তারা কোনভাবেই গোপনীয় কক্ষে যেতে পারবে না। এমনকি ভোটগ্রহণ চলাকালে ঘন ঘন বাইরেও যেতে পারবেন না। প্রাকৃতিক ডাকে সাড়া দেয়ার প্রয়োজন হলে নিকটস্থ টয়লেটেই তা সেরে দ্রুত নির্ধারিত স্থানে উপবিষ্ট থাকতে হবে। পথিমধ্যে কারও সাথে আলাপ আলোচনা করতে পারবে না। খাবারের প্রয়োজন হলে সকাল বেলা আসন গ্রহণের প্রাক্কালেই খাবার নিয়ে আসতে হবে। খাবারের জন্য বা খাবারের অজুহাতে কক্ষের বাহিরে যেতে পারবে না। বিষয়টি আপনি পূর্বেই প্রার্থী, তার নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টগণকে জানিয়ে দিবেন। ভোটগ্রহণ শেষ হওয়ার ১ ঘন্টা পূর্বে কোন পোলিং এজেন্ট

বাইরে যেতে পারবে না। পোলিং এজেন্টগণ তাঁদের হাতে কাপড়ের তৈরী আর্মড ব্যান্ড পরিধান করবেন। সেক্ষেত্রে মেয়র পদের জন্য সাদা, সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য গোলাপী এবং সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য সবুজ রঙের কাপড় দ্বারা তৈরি আর্মড ব্যান্ড হাতের বাজুতে পরিধান করতে হবে। কোন পোলিং এজেন্ট বা নির্বাচনি এজেন্ট ভোটকক্ষে কোন মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না। প্রিজাইডিং অফিসার এর নিশ্চয়তা বিধান করবেন।

১৫। **পোলিং এজেন্টদের জন্য বিশেষ নির্দেশাবলীঃ** নির্বাচন কমিশন কর্তৃক পৌরসভা নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত পোলিং এজেন্টদের জন্য কিছু বিশেষ নির্দেশাবলী প্রণয়ন করেছে যা নিম্নে উল্লেখ করা হল। পোলিং এজেন্টগণ যেন উক্ত নির্দেশাবলী যথাযথভাবে পরিপালন করেন তার জন্য সংশ্লিষ্ট প্রার্থীদের জানিয়ে দিবেন। প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রতিনিধি হিসেবে পোলিং এজেন্টগণকে নিম্নেবর্ণিত দায়িত্ব ও কর্তব্য অবশ্যই পরিপালন করতে হবেঃ-

ক) উপ-বিধি (৩) অনুসারে প্রিজাইডিং অফিসারের নিকট ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট উক্ত ভোটকেন্দ্রের জন্য নিয়োগকৃত পোলিং এজেন্টের ১ (এক) কপি ছবিসহ নিয়োগপত্র তফসিল-১ এর ফরম 'জ-১' এ দাখিল করবেন।

খ) পোলিং এজেন্টগণকে নির্বাচন কমিশন বা রিটার্নিং অফিসার বা প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রদত্ত ছবিসহ পোলিং এজেন্টের পরিচয়পত্র বুকে ঝুলাইয়া রাখতে হবে। উক্ত পরিচয়পত্র ছাড়াও নিয়োগপত্র এবং তার নিজস্ব জাতীয় পরিচয়পত্র সংগে রাখতে হবে।

গ) পোলিং এজেন্টগণ ভোটকক্ষে ছবিছাড়া ভোটার তালিকা নিয়ে উপস্থিত থাকবেন এবং তা ব্যবহার করবেন।

ঘ) কোন পোলিং এজেন্ট ভোটকক্ষে বা ভোটকেন্দ্রে কোন মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না।

ঙ) পোলিং এজেন্টগণ ভোটকক্ষে বা ভোটকেন্দ্রে ধুমপান করতে পারবেন না।

চ) পোলিং এজেন্টগণ ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বে সংশ্লিষ্ট ভোটকক্ষে ব্যবহৃতব্য স্বচ্ছ ব্যালট বাক্সের নম্বর ও সীল নম্বরসমূহ এবং ভোটগ্রহণ শেষ হওয়ার পর স্বচ্ছ ব্যালট বাক্স বন্ধ করার সর্বশেষ সীল নম্বরটি লিখে রাখবেন। ভোটগণনার সময় যে সকল পোলিং এজেন্ট ভোটগণনা কক্ষে উপস্থিত থাকবেন, তাদের উক্ত ব্যালট বাক্সের নম্বর ও সীল নম্বর প্রদান করবেন। ভোটগণনা শুরুর পূর্বে ভোটগণনা কক্ষে উপস্থিত পোলিং এজেন্টগণ উক্ত ব্যালট বাক্সের নম্বর ও সীল নম্বরসমূহ মিলিয়ে নিশ্চিত হবেন।

ছ) পোলিং এজেন্টগণ ভোটকেন্দ্রের দায়িত্ব পালনকালীন বিশেষ কারণ ব্যতিরেকে ভোটকক্ষ ত্যাগ করতে পারবেন না বা ভোটকেন্দ্রে অহেতুক ঘুরাফিরা করে ভোটগ্রহণ কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি করতে পারবেন না। বিশেষ কারণে ভোটকক্ষ ত্যাগ করবার প্রয়োজন হলে সহকারী প্রিজাইডিং অফিসারকে অবহিত করে যেতে হবে। ফিরে আসার সময় সহকারী প্রিজাইডিং অফিসারকে জানাতে হবে। সহকারী প্রিজাইডিং অফিসার তার প্রবেশ ও বাহিরের সময়সহ উপস্থিতির বিবরণ ফরম-'জ-২' তে লিপিবদ্ধ করে রাখবেন।

জ) বিধি ২৫(৯) অনুসারে পোলিং এজেন্ট নির্ধারিত স্থানে অবস্থান করে বিধি অনুযায়ী স্বীয় দায়িত্ব পালন করবেন এবং নির্বাচনের স্বাভাবিক পরিবেশ বিঘ্নিত হয়, এমন কার্যক্রম গ্রহণ হতে বিরত থাকবেন।

ঝ) বিধি ২৫(১০) অনুসারে ভোটগ্রহণ শেষ হওয়ার পূর্ববর্তী ০১ ঘন্টা হতে ভোটগ্রহণ শেষ না হওয়া পর্যন্ত কোন পোলিং এজেন্ট ভোটকক্ষ ত্যাগ করতে পারবেন না।

ঞ) কোন পোলিং এজেন্টকে ভোটকেন্দ্রে আসবার পথে বাধা প্রদান করা হলে বা ভোটকক্ষ বা ভোটকেন্দ্র হতে জোরপূর্বক বাহির করে দেয়া হলে সাথে সাথে তা সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার বা আইনশৃংখলা রক্ষাকারী বাহিনী বা ম্যাজিস্ট্রেট বা রিটার্নিং অফিসারকে লিখিতভাবে অবহিত করতে হবে। লিখিত অভিযোগ ব্যতীত অন্য কোন অভিযোগ আমলে নেয়া হবে না।

ট) পোলিং এজেন্ট বিধি অনুযায়ী নির্ধারিত ফরমের যেখানে স্বাক্ষর করা প্রয়োজন, প্রিজাইডিং অফিসারের নির্দেশে সেখানে স্বাক্ষর করতে বাধ্য থাকবেন।

ঠ) ফলাফল গণনাকালে প্রত্যেক প্রার্থীর কতজন পোলিং এজেন্ট ভোটগণনা কক্ষে উপস্থিত থাকতে পারবেন তা নির্বাচন কমিশন বা রিটার্নিং অফিসার বা প্রিজাইডিং অফিসার নির্ধারণ করে দিবেন। সুতরাং ভোটগণনাকালে কোন প্রার্থী কোন পোলিং এজেন্ট উপস্থিত থাকবেন তাও ফরম-'জ-১' অনুসারে গণনার পূর্বেই প্রিজাইডিং অফিসারকে জানিয়ে দিতে হবে।

১৬। **নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্ট এবং তাদের জন্য প্রণীত নির্দেশিকাঃ** নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের তালিকা আপনার নিকট দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকল প্রার্থীকে অনুরোধ জানাবেন। পোলিং এজেন্টের তালিকা ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বে ফরম-জ-১ এ নিয়োগদান পূর্বক প্রিজাইডিং অফিসারের নিকট দাখিল করার জন্য আপনি সংশ্লিষ্ট সকল প্রার্থীকে লিখিতভাবে অনুরোধ জানাবেন। নির্বাচনি এজেন্ট এবং পোলিং এজেন্ট নিয়োগ, তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে **''নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের নির্দেশাবলী''** শীর্ষক একটি পুস্তিকা আপনার নিকট প্রেরণ করা হচ্ছে। আপনি উক্ত নির্দেশিকার প্রয়োজনীয় সংখ্যক কপি নির্বাচন কমিশন সচিবালয় হইতে সংগ্রহ করবেন এবং সংশ্লিষ্ট সকল প্রার্থীকে প্রদান করবেন। সংশ্লিষ্ট প্রার্থী, প্রার্থীর নির্বাচনি এজেন্ট এবং পোলিং এজেন্টগণকে উক্ত নির্দেশাবলীর নির্দেশসমূহ প্রতিপালনের জন্য অনুরোধ করবেন।

১৭। এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো।

সংলগ্নীঃ বর্ণনা মোতাবেক

20/12/2020

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail:sasemc1@gmail.com

বিতরণ:
.............................................অফিসার
ও
রিটার্নিং অফিসার,..................................পৌরসভা সাধারণ নির্বাচন

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১৩.২০-৫৭৯

তারিখঃ ০৫ পৌষ ১৪২৭ / ২০ ডিসেম্বর ২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. কমিশনার, .................................................( সংশ্লিষ্ট)
১১. পুলিশ কমিশনার, .........................................(সংশ্লিষ্ট)
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার জন্য অনুরোধ করা হলো]
১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৭. জেলা প্রশাসক, ....................................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ

১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .....................................( সংশ্লিষ্ট) অঞ্চল

১৯. পুলিশ সুপার, .......................................................(সংশ্লিষ্ট)

২০. উপজেলা নির্বাহী অফিসার.........................................(সংশ্লিষ্ট)

২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ..........................(সংশ্লিষ্ট)

২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)

২৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ ও বাজেট/ক্রয় ও মুদ্রণ শাখা/নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও ২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২৬. ...................................................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

২৭. অফিসার-ইন-চার্জ, ...............................(সংশ্লিষ্ট) থানা।

20/12/2020

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ০২-৫৫০০৭৫২৫
Email: sasemc1@gmail.com

**পরিশিষ্ট 'খ'**

<u>রিটার্নিং অফিসারের কার্যালয়</u>

পৌরসভা নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তার নিয়োগপত্র

পৌরসভার নামঃ------------------------------------

ভোটকেন্দ্রের নম্বর ও নামঃ-------------------------------- ভোট কক্ষের (বুথ) সংখ্যা -------------------------

স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৮ বিধিতে প্রদত্ত ক্ষমতাবলে আমি এতদ্বারা বর্ণিত ব্যক্তিগণকে পৌরসভার----------------- ওয়ার্ডের ------------------ ভোটকেন্দ্রের প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে ভোটগ্রহণে সহায়তা দানের জন্য সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার হিসেবে নিয়োগ করিতেছিঃ

| প্রিজাইডিং অফিসারের নাম ও পদবী | সহকারী প্রিজাইডিং অফিসারের নাম ও পদবী | পোলিং অফিসারের নাম ও পদবী | প্রিজাইডিং অফিসারের অনুপস্থিতিতে প্রিজাইডিং অফিসার হিসেবে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালনের জন্য সহকারী প্রিজাইডিং অফিসারের নাম |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। ..................... | ১।............................. | ১। ............................ | ১। .......................... |
| | | ২। ............................ | |
| | ২। ............................ | ১। ............................ | |
| | | ২। ............................ | |
| | ৩। ............................. | ১। ............................ | |
| | | ২। ............................ | |
| | ৪। ............................. | ১। ............................ | |
| | | ২। ............................ | |
| | ইত্যাদি | ইত্যাদি | |

তারিখঃ

রিটার্নিং অফিসারের স্বাক্ষর
নাম ও পদবীঃ

---------------------------------------------------------------------------------------------------------

(এই অংশটুকু স্বাক্ষরপূর্বক রিটার্নিং অফিসারকে ফেরত দিতে হইবে)

**ভোটগ্রহণ কর্মকর্তার অংগীকার নামা**

ভোটগ্রহন কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রাপ্ত হইয়া আমি--------------------------------------, --------------------------------------
-

নাম পদবী

অংগীকার করিতেছি যে, আমি আমার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সর্ব প্রকার দলীয়/গোষ্ঠীয়/ধর্মীয় প্রভাব হইতে মুক্ত থাকিয়া সততা ও ন্যায় নিষ্ঠার সাথে পালন করিব। আমি অবগত আছি যে, দায়িত্ব সম্পাদনে কোন ব্যত্যয়ের জন্য স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০; নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নং আইন) এবং সংশ্লিষ্ট আইন অনুযায়ী দায়ী থাকিব।

তারিখঃ

প্রিজাইডিং /সহকারী প্রিজাইডিং অফিসার/পোলিং অফিসারের
পূর্ণ নাম ও স্বাক্ষরঃ